

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৩৮২

আগরতলা, ২৬ সেপ্টেম্বর, ২০২৪

আন্তর্জাতিক প্রবীণ দিবস  
**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাকক্ষে প্রস্তুতি সভা**

আগামী ১ অক্টোবর আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন উপলক্ষে আজ পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী। উপস্থিত ছিলেন সহকারি সভাধিপতি বিশ্বজিৎ শীল, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ এবং বিভিন্ন বৃদ্ধাশ্রমের পরিচালকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয় আগামী ১ অক্টোবর আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে রাজ্যভিত্তিক ও পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন করা হবে। এ উপলক্ষে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে এক আলোচনাচক্রের আয়োজন করা হবে।

\*\*\*\*\*